

৩৪। নথিপত্র ইত্যাদি পেশকরণ।— যে কোন সময় কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা এতদুদ্দেশ্যে নির্দেশ দান করিলে কোন নিবন্ধিত ব্যক্তি তাহার অধিকার বা নিয়ন্ত্রণাধীন ^১["নথিপত্র, বাণিজ্যিক দলিলাদি, ইত্যাদি"] উক্ত কর্মকর্তার নিকট পেশ করিতে বাধ্য থাকিবেন।

^১। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৯৪ বলে "নথিপত্র" শব্দের পরিবর্তে শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত।